গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং- সিজিএ/এফ এস এম ইউ/এইচ আর এম সেল/২০২০/১৩/১১৭ তারিখঃ ১০/১২/২০২০ খ্রিঃ

বিষয়ঃ **সিজিএ কার্যালয় ও এর আওতাধীন ডিসিএ/সিএএফও/ডিএএফও/ইউএও দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে হালনাগাদ করার লক্ষ্যে গঠিত HRM Cell এর দ্বিতীয় সভার কার্যবিবরনী।**

হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ে গঠিত HRM (Human Resource Management) Cell এর ২য় সভা ০৮/১২/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় HRM Cell এর সভাপতি সিজিএ কার্যালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব প্রকৌশলী মোঃ আয়ূবুর রহমান এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-২৩০) অনুষ্ঠিত হয় (উপস্থিতির তালিকা পরিশিষ্ট ক-তে রক্ষিত হলো)। সভার শুরুতেই সভাপতি HRM Cell এর তত্ত্বাবধানে সকল হিসাবরক্ষণ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীর তথ্য হালনাগাদের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। এ সময়ে তিনি সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের আন্তরিকতা এবং সক্রিয় অংশ গ্রহণে HRM Software এর মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য হালনাগাদের কাজ সুসম্পন্ন করার আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতি সভাকে অবহিত করেন যে, গত ২২/১১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সিজিএ কার্যালয়ের মাসিক সভায় HRM Software এর মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য হালনাগাদকরণের পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। মাসিক সভায় সিজিএ মূল কার্যালয়সহ মাঠ পর্যায়ের কতিপয় হিসাবরক্ষণ কার্যালয়ের তথ্য হালনাগাদ কাজের অগ্রগতি তুলনামূলকভাবে কম হওয়ায় সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দৃষ্টি আকর্ষণ করা হয় এবং আগামী ১৫/১২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত হালনাগাদকরণের কাজ শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

এ পর্যায়ে সিজিএ কার্যালয় ও এর আওতাধীন সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য HRM সফটওয়্যার এর মাধ্যমে শতভাগ হালনাগাদ করা এবং HRM তথ্যের নিরাপত্তা, Integrity, সুষ্ঠু ব্যবস্থাপনা, ইত্যাদি বিষয়াদি নিয়ে বিশদ আলোচনা অন্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|
| ১। | তথ্য হালনাগাদকরণ কার্যক্রমে পিছিয়ে থাকা কার্যালয়সমূহের তথ্য দ্রুত হালনাগাদের প্রক্রিয়া। | **আলোচনাঃ** তথ্য হালনাগাদকরণের দায়িত্বপ্রাপ্ত/ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী/শাখা এর সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ, ফোনালাপ ও ই-মেইলের মাধ্যমে তদারকি করলে এ কাজের অগ্রগতি ভাল হবে আশা করা যায়।<br>**সিদ্ধান্তঃ** (ক) সিজিএ মূল কার্যালয়ের শাখাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য শতভাগ হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তাগণের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ, ফোনালাপ ও ই-মেইলের মাধ্যমে তদারকি করা হবে। | (ক) সিস্টেম এনালিস্ট জনাব প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান ও প্রোগ্রামার জনাব শায়ের ইকবাল। |

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|
| | | (খ) ডিসিএ, ডিএএফও এবং ইউএও কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের HRM তথ্য শতভাগ হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট অফিস প্রধানগণের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ, ফোনালাপ ও ই-মেইলের মাধ্যমে তদারকি করা হবে। | (খ) সিস্টেম এনালিস্ট জনাব মোঃ নাসির উদ্দীন ও জুনিয়র অডিটর (পিএ টু সিজিএ) জনাব রাশেদুন্নবী। |
| ২। | HRM Software এর তথ্যের নিরাপত্তা, Integrity ও এর সুষ্ঠু ব্যবস্থাপনার প্রক্রিয়া বজায় রেখে তথ্য হালনাগাদের কার্যক্রম। | **আলোচনাঃ** তথ্যের নিরাপত্তা, Integrity এবং সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে HRM Software এর User Access সীমিত করার যৌক্তিকতা অনস্বীকার্য। সে লক্ষ্যে শুধুমাত্র নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহকে যথাযথ User Access প্রদানপূর্বক অবশিষ্ট সকল কার্যালয়ের User Access বন্ধ করে দেয়া যেতে পারে। বিষয়টি বাস্তবায়নের জন্য HRM সফটওয়্যার-এ যথাযথ পরিবর্তন/পরিবর্ধন করা এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে এ বিষয়ে ই-মেইলে জানিয়ে দেয়ার প্রয়োজন পড়বে।<br><br>**সিদ্ধান্তঃ** (ক) সিজিএ মূল কার্যালয় এবং এর আওতাধীন বিভাগীয় পর্যায়ের ৮ (আট) টি নিয়ন্ত্রণকারী কার্যালয় (ডিসিএ কার্যালয়সমূহ) এর User Access পূনর্বিন্যাস করতঃ (নতুন পাসওয়ার্ড প্রদানসহ) সচল রেখে মাঠ পর্যায়ের অবশিষ্ট সকল কার্যালয়সমূহের (সিএএফও, ডিএএফও, ইউএও) User Access বন্ধ করে দেয়া হবে।<br><br>(খ) এ বিষয়ে HRM সফটওয়্যার-এ যথাযথ পরিবর্তন/পরিবর্ধন করা হবে।<br><br>(গ) ই-মেইল করে সংশ্লিষ্ট সকল পক্ষকে এ বিষয়ে জানিয়ে দেয়া হবে। | (ক) এবং (খ) প্রোগ্রামার জনাব শায়ের ইকবাল ও জুনিয়র অডিটর (পিএ টু সিজিএ) জনাব রাশেদুন্নবী।<br><br>(গ) সিস্টেম এনালিস্ট জনাব মোঃ নাসির উদ্দীন। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান)
সিনিয়র সিস্টেম এনালিস্ট ও
সভাপতি, HRM Cell
ফোনঃ ৮৩৯১৯৫০
Email: ssa@cga.gov.bd

নং- সিজিএ/এফ এস এম ইউ/এইচ আর এম সেল/২০২০/১৩/১১৭ তারিখঃ ১০/১২/২০২০ খ্রিঃ।

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জনাব প্রকৌশলী মোঃ আয়ূবুর রাহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

০২। জনাব মোঃ নাসির উদ্দীন, সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

০৩। জনাব প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান, সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।

০৪। জনাব শায়ের ইকবাল, প্রোগ্রামার, সিজিএ কার্যালয়।

০৫। জনাব সুব্রত রায়, অডিটর (পিএ টু সিজিএ)।

০৬। জনাব মোঃ রাশেদুন্নবী, জুনিয়র অডিটর (পিএ টু সিজিএ)।

০৭। জনাব জোহরা ইয়াছমিন, জুনিয়র অডিটর, এসিআর শাখা, সিজিএ কার্যালয়।

০৮। অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ

০১। পিএস টু সিজিএ।

০২। পিএ টু অতিঃ সিজিএ (প্রশাসন)।

Rahman 10.12.2020

(প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান)
সিস্টেম এনালিস্ট ও
সদস্য সচিব, HRM Cell
ফোনঃ ৯৩৫৩৬৮৮
Email: sa2@cga.gov.bd

পরিশিষ্ট - ক

# Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে HRM Cell এর ২য় সভা

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব প্রকৌঃ মোঃ আয়ুবুর রহমান
এর দাপ্তরিক কক্ষ (২য় তলা, কক্ষ নং- ২৩০)
তারিখঃ ০৮.১২.২০২০ খ্রিঃ
সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

## সভার উপস্থিতি

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট | সিজিএ কার্যালয় | 01756597451 | [illegible] 08/12/2020 |
| ২ | মোঃ সাজিদ উদ্দীন<br>সিস্টেম এনালিস্ট | সিজিএ | 01817509837 | [illegible] |
| ৩ | মোঃ হাবিবুর রহমান<br>সিস্টেম এনালিস্ট | সিজিএ | 01711377713 | [illegible] |
| ৪ | জুবায়ের ইকবাল<br>প্রোগ্রামার | সিজিএ | 01954503691 | [illegible] |
| ৫ | সুব্রত রায়<br>অডিটর, সিজিএ/সিজিএ | সিজিএ | 01911904245 | [illegible] |
| ৬ | মো: কামরুজ্জামান<br>জু. অডিটর, সিজিএ/সিজিএ | সিজিএ | 01911-120610 | [illegible] |
| ৭ | জোহরা ইয়াসমিন<br>জু. অডিটর, এজিআর অফিস | সিজিএ | 01814905286 | জোহরা 08/12/2020 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯- ৬৯৮০ তারিখঃ ২০ /১১/২০২০ খ্রি.।

বরাবর
জনাব প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান
সিনিয়র সিস্টেম এনালিস্ট ও
সভাপতি, HRM Cell
হিসাব ভবন
সেুগনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ সিজিএ কার্যালয়ের Human Resource Management (HRM) এর কার্যাবলীর সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে।**

সূত্রঃ
১। নং-সিজিএ/এফ,এস,এম,ইউ/সিস্টেম সাপোর্ট/২০০৯/০২/১০৫ তারিখঃ ০৬/০৯/২০২০ খ্রি.।
২। নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৪ তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি.।
৩। নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৮ তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রি.।
৪। নং-সিজিএ/এফ,এস,এম,ইউ/এইচ আর এম সেল/২০২০/১৩/১০৭ তারিখঃ ২০/০৯/২০২০ খ্রি.।

উপযুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সূত্রস্থ ১নং পত্রের মাধ্যমে এই কার্যালয়ের সূত্রস্থ ২ ও ৩ নং স্মারকের পত্রের চাহিদা অনুযায়ী HRM Software এর মাধ্যমে সিজিএ কার্যালয় ও এর আওতাধীন ডিসিএ/সিএএফও/ডিএএফও/ইউএও দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ হালনাগাদ করণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত কাজের সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদনের বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সূত্রস্থ ২নং পত্রের নির্দেশনার প্রক্ষিতে প্রেরিত প্রতিবেদনে দেখা যায় যে, সাতটি সিএএফও কার্যালয়ের তথ্য হালনাগাদের কার্যক্রম গৃহীত হয়েছে অবশিষ্ঠ ৪৩ টি সিএএফও এবং ডিসিএ কার্যালয় সমূহের তথ্য হালনাগাদ কার্যক্রম বাকী রয়েছে। CAFO/Ministry of Health & Family Walfare কার্যালয়ের ৬৫ জন কর্মকর্তা/কর্মচারীর মধ্যে ৬৪ জনের তথ্য হালনাগাদ করা হয়েছে, ১ জনের তথ্য এখনও হালনাগাদ করা হয়নি মর্মে উল্লেখ করা হয়েছে কিন্তু সূত্রস্থ ৪ নং পত্র অনুযায়ী অফিস ভিত্তিক হালনাগাদ প্রতিবেদনে দেখা যায় ৬৩ জনের মধ্যে ৬২ জনের তথ্য হালনাগাদ করা হয়েছে ১ জনের তথ্য এখনও হালনাগাদ করা হয়নি বিষয়টি স্পষ্টীকরণ প্রয়োজন এবং উক্ত প্রতিবেদনে আরও দেখা যায় যে, অফিস ভিত্তিক হালনাগাদ প্রতিবেদনে ৫০ টি সিএএফও কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও হালনাগাদ এখনও সম্পূর্ণ হয়নি। এছাড়া বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের ০৮ টি কার্যালয়ের তথ্য এখনো হালনাগাদ করা হয়নি।

এমতাবস্থায়, সূত্রস্থ ২ নং পত্রের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন ০৫/১১/২০২০ খ্রি. এর মধ্যে দাখিল করার জন্য আদিষ্ট হয়ে নির্দেশ প্রদান করা হলো।

For n/a, pl.
10.11.2020
SA-1/2
PR

20/11/2020

(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৮৩৯২৬১৪।

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯- তারিখঃ /১১/২০২০ খ্রি.।

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ উপ-হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব-১/হিসাব-২)]
২। পিএস টু সিজিএ।
৩। অফিস কপি/গার্ড ফাইল।

(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং- সিজিএ/এফ এস এম ইউ/এইচ আর এম সেল/২০২০/১৩/১০৪ তারিখঃ ০২/০৯/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ সিজিএ কার্যালয় ও এর আওতাধীন ডিসিএ/সিএএফও/ডিএএফও/ইউএও দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে হালনাগাদ করার লক্ষ্যে গঠিত HRM Cell এর প্রথম সভার কার্যবিবরনী।**

সূত্রঃ সিজিএ কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৪ , তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রিঃ।

সূত্রোস্থ পত্র মোতাবেক হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) কার্যালয়ে গঠিত HRM (Human Resource Management) Cell এর ১ম সভা ২৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় HRM Cell এর সভাপতি সিজিএ কার্যালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব প্রকৌশলী মোঃ আয়ূবুর রহমান এর সভাপতিত্বে সিজিএ কার্যালয়ের সম্মেলনকক্ষে (কক্ষ নং-২২৬) অনুষ্ঠিত হয় (উপস্থিতির তালিকা পরিশিষ্ট ক-তে রক্ষিত হলো)। সভার শুরুতেই সিজিএ কার্যালয় ও এর আওতাধীন সিএএফও, ডিসিএ, ডিএএফও এবং ইউএও কার্যালয়সমূহের সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য HRM সফটওয়্যার এর মাধ্যমে হালনাগাদ করার লক্ষ্যে গঠিত HRM Cell এর কার্যপরিধি সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা অন্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্যসূচী | আলোচনা ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | HRM সফটওয়্যার দ্বারা পে-পয়েন্ট ভিত্তিক কর্মকর্তা/ কর্মচারীদের বিদ্যমান তথ্য ইংরেজি ভাষার পাশাপাশি বাংলায় হালনাগাদকরণ এবং প্রশাসনিক প্রয়োজনে ও সময়ে সময়ে বিভিন্ন প্রতিবেদন প্রণয়নে প্রয়োজনীয় নতুন তথ্য সংগ্রহের ফিল্ড সংযুক্ত করে সফটওয়্যারটির প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন। | **আলোচনাঃ** সভায় HRM সফটওয়্যারটির বর্তমান অবস্থা, বাংলা ও ইংরেজীতে তথ্য এন্ট্রি করার উপযোগীতা, ভবিষ্যতে প্রয়োজনীয় ইনপুট ফিল্ড সংযোজনের মাধ্যমে আপডেট করার সম্ভাব্যতা, ইত্যাদি বিষয় যাচাই করা হয়। সফটওয়্যারটিতে বর্তমানে বাংলা, ইংরেজী দুই ভাষাতেই এন্ট্রি করার ব্যবস্থা করা হয়েছে এবং প্রয়োজনে নতুন তথ্য সংগ্রহের ব্যবস্থা করা যাবে।<br>**সিদ্ধান্তঃ** যেহেতু সফটওয়্যারটি প্রয়োজন অনুযায়ী আপডেট করা হয়েছে এবং প্রয়োজনে ভবিষ্যতেও আপডেট করা যাবে , তাই এখন তা যে কোন একটি অফিসে পাইলট বেসিসে চালু করা যেতে পারে। | HRM Cell |
| ২. | HRM Cell কর্তৃক পাইলট বেসিসে চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এর কর্মকর্তা ও কর্মচারীর তথ্য হালনাগাদ কার্যক্রম। | **আলোচনাঃ** HRM Cell কর্তৃক পাইলট বেসিসে সিএএফও স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ে সফটওয়্যারটি চালু করার ব্যাপারে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্তঃ** (ক) ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ হতে HRM সফটওয়্যারটি সিএএফও স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ে পাইলট বেসিসে চালু করা এবং এ বিষয়টি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এর সাথে সাক্ষাৎ করে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সিএএফও স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ে সফটওয়্যারটি বাস্তবায়নের অভিজ্ঞতা বিবেচনায় নিয়ে অন্যান্য কার্যালয়সমূহে ধাপে ধাপে সফটওয়্যারটি বাস্তবায়ন করা হবে। | জনাব প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান (সিস্টেম এনালিস্ট) এর তত্ত্বাবধানে HRM Cell ও চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৩. | কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য হালনাগাদ করার জন্য সঠিক ও সমপ্রকৃতির তথ্য ধারণের স্বার্থে HRM সফটওয়্যারটির একটি ব্যবহার নির্দেশিকা প্রস্তুত ও প্রচার। | **আলোচনাঃ** জনাব রাশেদুন্নবী কর্তৃক HRM সফটওয়্যারটির একটি খসড়া ব্যবহার নির্দেশিকা উপস্থাপন করা হয়। নির্দেশিকাটিতে আলোচিত বিষয়গুলো উপস্থাপনার ধরণ কি রকম হলে ভাল হবে তা নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়।<br>**সিদ্ধান্তঃ** ব্যবহার নির্দেশিকাটিকে সহজ ও বোধগম্য করার জন্য HRM সফটওয়্যার এর প্রতিটি ধাপের বর্ণনার সঙ্গে সম্পর্কিত স্ক্রিনশট সংযুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ নাসির উদ্দীন ( সিস্টেম এনালিস্ট) এর তত্ত্বাবধানে জনাব সুব্রত রায় (অডিটর), জনাব রাশেদুন্নবী (জুনিয়র অডিটর) ও জনাব জোহরা ইয়াছমিন (জুনিয়র অডিটর)। |
| ৪. | HRM সফটওয়্যার পরিচালনার জন্য প্রয়োজনীয় Domain ক্রয়ের ব্যবস্থা। | **আলোচনাঃ** HRM সফটওয়্যারটির সহজ ও নিরাপদ পরিচালনার জন্য একটি স্বাতন্ত্র্য Domain ক্রয়ের আবশ্যকতা এবং ক্রয়ের বিভিন্ন ধাপ নিয়ে আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্তঃ** HRM সফটওয়্যারটি সহজ ও নিরাপদভাবে পরিচালনার জন্য "cgadomain.gov.bd" নামে একটি স্বাতন্ত্র্য Domain ক্রয়ের সিদ্ধান্ত নেয়া হয়। | জনাব শায়ের ইকবাল, প্রোগ্রামার (অনলাইনে Domain রেজিস্ট্রেশন-সহ টেকনিক্যাল সহযোগীতা প্রদান) ও সিজিএ কার্যালয়ের সংস্থাপন শাখা (ক্রয় কার্যক্রম গ্রহণ)। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০৯/২০২০

(প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান)
সিনিয়র সিস্টেম এনালিস্ট ও
সভাপতি, HRM Cell
ফোনঃ ৮৩৯১৯৫০
Email: ssa@cga.gov.bd

নং- সিজিএ/এফ এস এম ইউ/এইচ আর এম সেল/২০২০/১৩/১০৪ তারিখঃ ০২/০৯/২০২০ খ্রিঃ।

কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয় ।
০২। জনাব মোঃ নাসির উদ্দীন, সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয় ।
০৩। জনাব প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান, সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়।
০৪। জনাব শায়ের ইকবাল, প্রোগ্রামার, সিজিএ কার্যালয় ।
০৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্থাপন শাখা (Domain ক্রয় সংক্রান্ত সহযোগীতার অনুরোধসহ)।
০৬। জনাব সুব্রত রায়, অডিটর (পিএ টু সিজিএ)।
০৭। জনাব মোঃ রাশেদুন্নবী, জুনিয়র অডিটর (পিএ টু সিজিএ)।
০৮। জনাব জোহরা ইয়াছমিন, জুনিয়র অডিটর, এসিআর শাখা, সিজিএ কার্যালয়।
০৯। অফিস কপি।

সদয় অবগতির জন্যঃ

০১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়।
০২। পিএস টু সিজিএ।
০৩। পিএ টু অতিঃ সিজিএ (প্রশাসন/হিসাব ও পদ্ধতি)।

Rahman 2.9.2020

(প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান)
সিস্টেম এনালিস্ট ও
সদস্য সচিব, HRM Cell
ফোনঃ ৯৩৫৩৬৮৮
Email: sa2@cga.gov.bd

পরিশিষ্ট-ক

Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিষয়ে HRM Cell এর ১ম সভা

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সম্মেলন কক্ষ (২য় তলা, কক্ষ নং- ২২৬)
তারিখঃ ২৭.০৮.২০২০ খ্রিঃ
সময়ঃ দুপুর ২:০০ ঘটিকা

## সভার উপস্থিতি

| ক্রমিক নং | নাম ও পদবী | কর্মস্থল | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট | সিজিএ কার্যালয় | ০১৭৫৬৫৯৭৪৫১ | [signature] 27/08/2020 |
| ২ | প্রকৌ: মো: আতিয়ার রহমান<br>সিস্টেম এনালিস্ট | সিজিএ কার্যালয় | 01711377713 | Rahman 27.08.2020 |
| ৩ | মোঃ [illegible]<br>[illegible] | " | 01817509837 | [signature] 27-08-2020 |
| ৪ | সায়ের ইকবাল<br>প্রোগ্রামার | সিজিএ কার্যালয় | 01954503691 | [signature] 27.08.20 |
| ৫ | সুব্রত রায়<br>অডিটর | সিজিএ কার্যালয় | 01911904245 | [signature] 27.08.20 |
| ৬ | মো: [illegible]<br>জুনিয়র অডিটর | সিজিএ কার্যালয় | 01911-120610 | [signature] 27/08/20 |
| ৭ | [illegible]<br>জুনিয়র অডিটর | সিজিএ কার্যালয় | ০১৮১৪৭০৫২৪৬ | [signature] 27/08/2020 |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৮ তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রি.।

## অফিস আদেশ

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও এর আওতাধীন ডিসিএ/সিএএফও/ডিএএফও/ইউএও দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে সংরক্ষণ হালনাগাদকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে এ কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৪, তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি. এর মাধ্যমে HRM Cell গঠন করা হয়। HRM Cell এর কার্যপরিধির দফা ১০ অনুযায়ী সেপ্টেম্বর/২০২০ খ্রি. এর মধ্যে হালনাগাদ কার্যক্রম সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন প্রতি রবিবার অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) মহোদয় বরাবর দাখিল করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত
(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৮ তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
৪। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী (HRM Cell): জনাব ....................................................।
৫। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্থাপন শাখা, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬। পিএস টু সিজিএ।
৭। অফিস কপি/গার্ড ফাইল।

(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৪ তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি.।

## অফিস আদেশ

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয় ও এর আওতাধীন ডিসিএ/সিএএফও/ডিএএফও/ইউএও দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য Human Resource Management (HRM) সফটওয়্যার এর মাধ্যমে সংরক্ষণ হালনাগাদকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে গত ১৭/০২/২০২০ খ্রি. অনুষ্ঠিত বিশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে HRM Cell গঠন করা হলো।

| ক্রমিক নং | নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | প্রকৌশলী মোঃ আয়ুবুর রহমান<br>সিনিয়র সিস্টেম এনালিষ্ট | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সভাপতি |
| ২. | জনাব মোঃ নাসির উদ্দিন<br>সিস্টেম এনালিষ্ট | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| ৩. | প্রকৌশলী মোঃ আতিয়ার রহমান<br>সিস্টেম এনালিষ্ট | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য সচিব |
| ৪. | জনাব শায়ের ইকবাল<br>প্রোগ্রামার | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| ৫. | জনাব মোঃ রাশেদুন্নবী<br>জুনিয়র অডিটর<br>পিএ টু সিজিএ | হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |

**উক্ত সেলের কার্যপরিধিঃ**

১. পে-পয়েন্ট ভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যমান তথ্য ইংরেজী ভাষার পাশাপাশি বাংলায় হালনাগাদকরণসহ প্রত্যেকের ক্ষেত্রে পূর্ববর্তী ০৩ (তিন) কর্মস্থলের তথ্য (পদোন্নতির তথ্যসহ) সংযোজন করতে হবে।

২. প্রশাসনিক প্রয়োজনে এবং সময়ে সময়ে বিভিন্ন প্রতিবেদন প্রণয়নের জন্য প্রয়োজনীয় নতুন তথ্য সংগ্রহের ফিল্ড সংযুক্ত করে HRM সফটওয়্যারটি হালনাগাদ করতে হবে।

৩. বিদ্যমান HRM সফটওয়্যারটির প্রয়োজনীয় হালনাগাদকরণ সংক্রান্ত সার্বিক কার্যক্রম নিয়ন্ত্রণ করবেন।

৪. অতিরিক্ত সিজিএ (প্রশাসন) বরাবর প্রতি মাসের ০৫ তারিখে সার্বিক হালনাগাদ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন।

৫. পে-ফিক্সেশন কাজে ব্যবহৃত জাতীয় পরিচয়পত্র (NID) নম্বরটি HRM সফট্ওয়্যারে কর্মকর্তা-কর্মচারীদের আইডি হিসেবে ব্যবহার করতে হবে।

৬. HRM সফটওয়্যার পরিচালনার জন্য প্রয়োজনীয় Domain ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন (ক্রয় কার্যক্রম সিজিএ কার্যালয়ের সংস্থাপন শাখা কর্তৃক সম্পন্ন হবে)।

৭. HRM Cell হালনাগাদ কার্যক্রমের সার্বিক প্রস্তুতি যাচাইকল্পে পাইলট বেসিসে ৩১/০৮/২০২০ খ্রি. তারিখের মধ্যে CAFO/Ministry of Health & Family Walfare কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য হালনাগাদ করবেন।

৮. সঠিক ও সমপ্রকৃতির তথ্য প্রেরণের স্বার্থে HRM Cell একটি নির্দেশিকা প্রস্তুত ও প্রচার করবেন।

৯. তথ্য হালনাগাদ কার্যক্রম পরিচালনা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহকে সার্বিক সহযোগিতার জন্য জনাব সুব্রত রায় (অডিটর, পিএ টু সিজিএ) এবং জনাব জোহরা ইয়াছমিন (জুনিয়র অডিটর, এসিআর শাখা)-পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সংযুক্ত থাকবে।

১০. সকল কার্যালয়ের তথ্য হালনাগাদ কার্যক্রম সেপ্টেম্বর/২০২০ খ্রি. মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদনক্রমে।

২৬/৮/২০

(মোঃ আনিছুর রহমান)
অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩৮৫৫০।

D:\Maruf\HRM.docx - 8 -

29/08/2020
SA-7/2
PR

নং-০৭.০৩.০০০০.০০১.৩২.১৩৫.১৯-৪০১৪ তারিখঃ ২৬/০৮/২০২০ খ্রি.।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত উপ-মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)]

২। অতিরিক্ত হিসাব মহনিয়ন্ত্রক (প্রশাসন/হিসাব ও পদ্ধতি), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা ।

৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল) ।

৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা । [ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ]

৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।

৭। উপ-হিসাব মহানিয়ন্ত্রক (সকল) ।

৮। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীঃ জনাব .........................................................................।

৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ।

১০। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্থাপন শাখা, সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা ।

১১। পিএস টু সিজিএ ।

১২। অফিস কপি/গার্ড ফাইল ।

২৬।০৮।২০২০

(খাইরুল বাশার মোহাম্মদ আশফাকুর রহমান)
উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোনঃ ৯৩৫৬৫০৯।

O/C

D:\Maruf\HRM.docx - 9 -